স্থানীয় সরকার নির্বাচনে এমপিওভুক্ত শিক্ষকদের অংশ নিতে আইনগত বাধা নেই

স্থানীয় সরকার নির্বাচনে এমপিওভুক্ত শিক্ষকদের অংশগ্রহণে আইনগত কোনো বাধা নেই বলে জানিয়েছেন আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী অ্যাডভোকেট মো. আসাদুজ্জামান।

তিনি বলেন, আগে যেভাবে এমপিওভুক্ত শিক্ষকেরা স্থানীয় সরকার নির্বাচনে অংশ নিতেন, এখনো সেভাবেই অংশ নিতে পারবেন। স্থানীয় সরকার নির্বাচন সুষ্ঠু ও সুন্দরভাবে অনুষ্ঠিত হবে বলে আশাবাদ ব্যক্ত করে এ বিষয়ে সরকারের ওপর আস্থা রাখার আহ্বান জানান তিনি।

সোমবার (১৯ অক্টোবর) সকালে ঝিনাইদহ প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটের (পিটিআই) নতুন ভবন উদ্বোধন শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এসব কথা বলেন আইনমন্ত্রী।

মুক্তিযুদ্ধবিষয়ক প্রতিমন্ত্রী ইশরাক হোসেনের পদত্যাগের বিষয়ে সরকারের অবস্থান জানতে চাইলে মন্ত্রী বলেন, কেউ সাধারণ মানুষের প্রত্যাশার পরিপন্থী কোনো কাজ করে থাকলে সে বিষয়ে প্রধানমন্ত্রী চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন। এ ক্ষেত্রে কেউ আইনের ঊর্ধ্বে নন বলেও মন্তব্য করেন তিনি।

সার ডিলার নিয়োগসংক্রান্ত এক প্রশ্নের জবাবে আইনমন্ত্রী বলেন, যথাযথ নিয়ম মেনেই সার ডিলার নিয়োগ দেওয়া হয়েছে। তবে এ ক্ষেত্রে কোনো অনিয়ম হয়ে থাকলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সুষ্ঠু তদন্তের মাধ্যমে ব্যবস্থা নেবে।

এ সময় উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর রাজনৈতিক সহকারী রাশেদ খান, জেলা প্রশাসক নোমান হোসেন, পুলিশ সুপার মিয়া মোহাম্মদ আশিস বিন হাছান (পিপিএম-সেবা), জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সভাপতি মো. আব্দুল মজিদসহ বিভিন্ন দপ্তরের প্রধান ও রাজনৈতিক দলের নেতারা।

এর আগে সকালে আইনমন্ত্রী ঝিনাইদহ ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালের ব্যবস্থাপনা কমিটির সভায় প্রধান অতিথি হিসেবে অংশ

নেন। সভায় জেলা প্রশাসন, পুলিশ প্রশাসন, জেলা স্বাস্থ্য বিভাগের কর্মকর্তা এবং স্থানীয় বিএনপির নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুর পল্লীতে পানিতে পড়ে শিশুর মৃত্যু

কোটচাঁদপুরে টিউবওয়েলের গর্তের পানিতে পড়ে আবু হুরাইরা নামের ২ বছর বয়সী এক শিশুর মৃত্যু হয়েছে। মঙ্গলবার ঘটনা ঘটেছে সাবদারপুর গ্রামে।

জানা যায়, দুপুরের দিকে বাড়ির উঠানে খেলছিল হুরাইরা ও সহ পাটিরা। খেলতে খেলতে বল চলে যায় টিউবওয়েলের পানির গর্তে। এরপর বলটি তুলতে গিয়ে ওই গর্তের পানিতে পড়ে যায় শিশুটিও। পরে স্বজনরা পানির গর্ত থেকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্স নিয়ে যান। তবে পথের মধ্যেই সে মারা যায় বলে জানান তিনি। হুরাইরা মশিয়ারের একমাত্র ছেলে। তবে তাঁর আরেকটি মেয়ে আছে। হুরাইরা কোটচাঁদপুর সাবদারপুর কলেজ পাড়ার মশিয়ার রহমানে ছেলে।

এ ব্যাপারে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগের চিকিৎসক ডাঃ রাজিয়া সুলতানা (ডানা) বলেন,স্বাস্থ্য কমপ্লেক্সে আনার আগেই শিশুটির মৃত্যু হয়েছে। আমরা তাঁকে মৃত অবস্থায় পেয়েছি।

কোটচাঁদপুর থানার ডিউটিরত উপপরিদর্শক (এসআই), হারুন অর রশিদ বলেন,বাড়ির উঠানে খেলছিল আবু হুরাইরা (দেড় বছর)। খেলতে খেলতে হঠাৎ বলটি চলে যায় বাড়ির পাশের টিউবওয়েলের পানির গর্তে। এরপর সে ওই বল তুলতে গেলে গর্তের পানিতে পড়ে যায়।

তাঁর স্বজনরা দেখতে পেয়ে,উদ্ধার করে হাসপাতালে নেয়ার পর শিশুটির মৃত্যু হয়। এ রিপোর্ট লেখা পর্যন্ত ওই ঘটনায় থানায় অপমৃত্যুর মামলার প্রস্তুতি চলছিল।

ঝিনাইদহে ৩ হাজার ৪’শ কৃষকের মাঝে বিনামুল্যে সার ও বীজ বিতরণ

ঝিনাইদহে ৩ হাজার ৪’শ ৫০ জন কৃষকের মাঝে বিনামূল্যে সার ও বীজ বিতরণ করা হয়েছে। বৃহস্পতিবার সকালে সদর উপজেলা পরিষদ চত্বরে কৃষি বিভাগের পক্ষ থেকে এ সার-বীজ বিতরণ করা হয়।

সেসময় জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক আজগর আলী, জেলা প্রশিক্ষণ অফিসার বিজয় কৃষ্ণ হালদার, সদর উপজেলা কৃষি কর্মকর্তা জাহিদুল করিম, ভাইস চেয়ারম্যান রাশিদুর রহমান রাসেল, মহিলা ভাইস চেয়ারম্যান আরতী দত্তসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

কৃষি বিভাগের কর্মকর্তারা জানায়, ২০২২-২৩ অর্থ বছরে খরিপ-১ মৌসুমে আউশ ও পাটের আবাদ বৃদ্ধির লক্ষ্যে সরকারের প্রণোদনা কর্মসূচীর আওতায় সদর উপজেলার বিভিন্ন গ্রামের ১৩’শ ৫০ জন কৃষকের প্রত্যেককে ৫ কেজি ধানের বীজ ও ২০ কেজি রাসায়নিক সার এবং ২১’শ কৃষককের প্রত্যেককে ১ কেজি পাট বীজ দেওয়া হয়।

ঝিনাইদহ পৌরসভায় দরিদ্র মানুষের মাঝে ত্রাণ বিতরণ

আসন্ন রমজান উপলক্ষে ঝিনাইদহ পৌরমেয়রের আমন্ত্রণে দুই তুরস্ক নাগরিকের উদ্যোগে ৬ হাজার হতদরিদ্র মানুষের মাঝে ত্রাণ ও বিপুল পরিমান নগদ অর্থ বিতরণ করা হয়েছে।

রবিবার দুপুরে পৌরসভার ৭নং ওয়ার্ডের গিলাবাড়িয়া গ্রামে কিংশুক ইট ভাটায় ঝিনাইদহ পৌরসভার মেয়র কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজল এই

ত্রাণ বিতরণ উদ্বোধন ঘোষণা করেণ।

এসময় অতিথি হিসেবে উপস্থিত থেকে ত্রাণ বিতরণ করেণ তুরস্কের নাগরিক ও বিশিষ্ট ব্যবসায়ী তাহসিন ইয়াজান এবং ফাতিইলমালী। এছাড়াও উপস্থিত ছিলেন বিশিষ্ট ব্যবসায়ী তবিবুর রহমান লাবু ও পৌরসভার বিভিন্ন ওয়ার্ডের কাউন্সিলর ও গণ্যমান্য ব্যক্তিবর্গ।

এসময় অতিথিবৃন্দ বলেন, পৌরসভার মেয়রের আহবানে আমরা এদেশে এসেছি, বাংলদেশ আমাদের বন্ধু রাষ্ট্র আমরা তার ডাকে সাড়াদিয়ে ঝিনাইদহের দরিদ্র মানুষের মাঝে কিছুটা সহায়তার হাত বাড়িয়েছি। আমাদের এই সহযোগীতার হাত অব্যাহত থাকবে বলেও আশাকরছি। এবিষয়ে ঝিনাইদহ পৌরসভার মেয়র কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজল বলেন তুরস্কের নাগরিক তাহসিন ইয়াজান এবং ফাতিইলমালী হলেন আমাদের ব্যবসায়িক বন্ধু আমাদের দেশে বেড়াতে এসেছেন এবং তারা নিজেরা উদ্যোগি হয়ে ঝিনাইদহে ৬ হাজার মানুষের মাঝে ত্রাণ বিতরণ করলেন। তিনি আরও বলেন, আমাদের পারিবারের পক্ষ থেকে প্রতি বছরের ন্যায় এবারো পবিত্র রমজান উপলক্ষে ৪০ থেকে ৪৫ হাজার মানুষের মাঝে ত্রাণ বিতরণ করা হবে।

তাছাড়া পৌরসভা থেকে যা করা যায় সেটাতো অবশ্যই থাকবে, সব মিলে ঝিনাইদহের ৫০ থেকে ৫৫হাজার মানুষ এই ত্রাণের সুবিধা ভোগ করবে বলে তিনি আশা প্রকাশ করেণ।

কোটচাঁদপুরে অসহায় মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ

দরিদ্র,অসহায় ও দুস্ত মানুষের মাঝে শীত বস্ত্র বিতরণ করা হয়েছে। ঝিনাইদহের কোটচাঁদপুরের সাফদারপুর বাজার পরিচালনা কমিটি ও বণিক সমিতির উদ্যোগে রবিবার বিকালে সমিতির কার্যালয়ে শীতবস্ত্র বিতরণ করা হয়।

শীত বস্ত্র বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাজার পরিচালনা কমিটি ও বণিক সমিতির সভাপতি আয়েছ উদ্দিন মিয়া।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বনিক সমিতির সহ-সভাপতি শাহাবুল হক। শীত বস্ত্র বিতরণ অনুষ্ঠান পরিচালনা করেন বনিক সমিতির সাধারণ সম্পাদক হামিদুল ইসলাম। সার্বিক সহযোগিতা ছিলেন বনিক সমিতির সহ-সাধারণ সম্পাদক আব্দুর রশিদ, কোষাধ্যক্ষ আনোয়ার হোসেন মাস্টার, আবুল কালাম আজাদ, আব্দুল লতিফ লতা,ডাক্তার রফিকুল ইসলাম, মনিরুল ইসলাম, সিরাজুল ইসলাম,ফিরজ,সোহাগ প্রমুখ । সে সময় ৬০ জন এলাকার অসহায় মানুষের মাঝে শীত বস্ত্র হিসেবে কম্বল বিতরণ করা হয়।

ঝিনাইদহে সড়ক দুর্ঘটনায় কলেজের ভিপিসহ তিন ছাত্রলীগ নেতা নিহত

কলেজের অভ্যান্তরিন কোন্দলে প্রতিপক্ষ গ্রুপের ধাওয়া খেয়ে পালাতে গিয়ে সড়ক দুর্ঘনায় কলেজের ভিপিসহ তিন ছাত্রলীগ নেতা নিহত হয়েছে।

শুক্রবার রাত ১১টার দিকে ঝিনাইদহ চুয়াডাঙ্গা সড়কের আঠারো মাইল নামক স্থানে এই দুর্ঘটনা ঘটে।

নিহতরা হলেন, ঝিনাইদহ সরকারি ভেটেরিনারি কলেজের ভিপি মুরাদ বিশ্বাস, ছাত্রলীগ কর্মী ও ভেটেরিনারি কলেজের শিক্ষার্থী তৌহিদ ও সমরেশ হোসেন ছমির। পুলিশ ও দমকাল বাহিনীর সদস্যরা লাশ উদ্ধার করে মর্গে পাঠিয়েছে। এ ঘটনায় ভেটেরিনারি কলেজের জিএস সজিবকে ছাত্রলীগের প্রতিদ্বন্দি গ্রুপ কুপিয়ে জখম করেছে।

পুলিশ ও স্থানীয় বিভিন্ন সুত্রে জানা গেছে, শুক্রবার রাতে ঝিনাইদহ সদর উপজেলার কুমড়াবাড়িয়া ইউনিয়নের ঘোষপাড়ায় অবস্থিত জোহান ড্রিম ভ্যালি পার্কে ছাত্রলীগের দুই গ্রুপের সমঝোতা বৈঠক চলছিল। বৈঠক শেষে ভেটেরিনারি কলেজের জিএস সজিব মটরসাইকেল নিয়ে বের হলে ওৎ পেতে থাকা ছাত্রলীগের আরেকটি গ্রুপ সজিবকে কুপিয়ে জখম করে। সজিব মটরসাইকেল থেকে পড়ে গিয়ে পাশের একটি বাড়িতে আশ্রয় নেয় এবং পুলিশের সহায়তা চাইলে ঝিনাইদহ সদর থানার পুলিশ তাকে রক্তাক্ত অবস্থায় উদ্ধার করে হাসপাতালে পৌছে দেয়। এরপর ভেটেরিনারি কলেজের

ভিপি মুরাদ বিশ্বাসসহ ছাত্রলীগের তিন কর্মী একই মটরসাইকেলে বের হলে চলন্ত অবস্থায় তাদেরও আক্রমন করা হয়। তারা দ্রুত মটরসাইকেল চালিয়ে ১৮ মাইল নামক স্থালে পল্লী বিদ্যুতের ডিপোর সামনে পৌছালে অন্ধকারে দাড়িয়ে থাকা খুটি বোঝায় ট্রাকের (চট্রমেট্রো- চ-৮১৩৪৫৪) সাথে ধাক্কা খায়।

ঘটনাস্থলেই নিহত হন ঝিনাইদহ সদর উপজেলার কুশাবাড়িয়া গ্রামের বাদশা মিয়ার ছেলে ও কলেজের ভিপি মুরাদ বিশ্বাস, তৌহিদুল ইসলাম ও সমরেশ হোসেন ছমির।

ঝিনাইদহ ফায়ার সার্ভিস ষ্টেশনের উপ পরিচালক মোঃ শামীমুল ইসলাম জানান, নিহতদের মাথায় আঘাত লেগেছে। মটরসাইকেল ছিন্নভিন্ন হয়ে গেছে। মুলত হামলাকারী ও হতাহত সবাই জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদকের গ্রুপের সদস্য বলে অভিযোগ উঠেছে।

তবে জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আল-ইমরান জানিয়েছেন, যে গ্রুপই হামলা করুক এটা অন্যায় ও অমানবিক হয়েছে। তিনি এ ঘটনার নিন্দা জানিয়ে বলেন, সরকারি ভেটেরিনারি কলেজের ভিপি ও জিএস তার সঙ্গেই রাজনীতি করেন, তারা অন্য গ্রুপ করেন না। তিনি বলেন কারা হামলা চালিয়েছে তা নিশ্চত করে বলা যাচ্ছে না।

ঝিনাইদহ সদর থানর ওসি শেখ মোহাম্মদ সোহেল রানা জানান, ছাত্রলীগের এক গ্রুপের ধাওয়া ও হামলায় প্রথমে সজিব আহত হন। তার হাতে কোপের দাগ আছে। তাকে রক্তাক্ত অবস্থায় পুলিশ উদ্ধার করে হাসপাতালে নিয়ে আসে। এরপর সড়ক দুর্ঘটনায় নিহত তিনজনকেও একই ভাবে ধাওয়া করে। হামলা থেকে বাঁচতে গিয়ে তারা সড়ক দুর্ঘটনায় নিহত হন।

ঝিনাইদহ সদর হাসপাতালের জরুরী বিভাগের চিকিৎসক ডাঃ তৌফিক হাসান জানান, নিহত তিনজনের মাথায় গুরুতর জখম রয়েছে। এছাড়া হামলায় আহত সজিবের অবস্থা ভালো আছে। তার বাম হাতে ধারালো অস্ত্রের কোপ রয়েছে।

ঝিনাইদহে সুবির দাসকে হত্যার প্রতিবাদ ও খুনদের ফাঁসির দাবীতে মানববন্ধন

ঝিনাইদহ শহরের সেলুন কর্মী সুবির কুমার দাস হত্যার প্রতিবাদ ও খুনদের ফাঁসির দাবীতে চাকলাপাড়া মহল্লাবাসি মানববন্ধন করেছে।

শুক্রবার বেলা ১০টার দিকে ঝিনাইদহ শহরের পোস্ট অফিস মোড়ে এই মানববন্ধন কর্মসুচি পালিত হয়। এই কর্মসুচিতে চাকলাপাড়া, মহিষাকুন্ডু ও পুরানো হাটখোলা এলাকার শত শত নারী পুরুষ অংশ গ্রহন করেন।

কর্মসুচি শেষে এক প্রতিবাদ সমাবেশে বক্তব্য রাখেন, মুক্ত, রাম সরকার, সাদ্দান হোসেন, শামসুল হক, সুজিত কর্মকার, সুকুমার দাস, নাসের হাসান সোহাগ সুশান্ত সরকার প্রমুখ। বক্তাগন বলেন চাকলাপাড়া পাড়ায় কিশোর গ্যাং ও মাদক ব্যবসায়ীরা বেপরোয়া হয়ে উঠেছে। প্রশাসনকে মাসোয়ারা দিয়ে এই চক্র মাদক ব্যবসা করে যাচ্ছে। তারাই পারিবারিক বিরোধের জের ধরে সেলুন কর্মী সুবিরকে নির্মম ভাবে হত্যা করেছে বলেছে অভিযোগ করা হয়।

উল্লেখ্য গত সোমবার (৪ অক্টোবর) মধ্যরাতে চাকলাপাড়ার মির্জা মহলের সামনে সুবীরকে হত্যা করা হয়। হামলায় নিহত’র পিতা সত্যপদ দাস, মা শিখা রানী দাস ও ভাই খোকন দাসও আহত হন। তারা ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকৎসাধীন আছেন। এ ঘটনায় র্যাব মামলার আসামী নির্মল দাস ও লিমন জোয়ারদারকে আটক করলেও বেশির ভাগ আসামী পলাতক রয়েছে।

উদ্বোধনের লাল ফিতায় আটকে আছে

গ্রাম্য এ্যাম্বুলেন্স সার্ভিস

উদ্বোধনের লাল ফিতায় আটকে আছে কোটচাঁদপুরের গ্রাম্য এ্যাম্বুলেন্স সার্ভিস। সড়কে চলার আগেই অ-যত্ন আর অবহেলায় নস্ট হচ্ছে এ্যাম্বুলেন্স দুইটি। ভেস্তে যেতে বসেছে সরকারের এ মহতি উদ্যেগ,যা দেখার কেউ নাই।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, গ্রামের মানুষের স্বাস্থ্য সেবার কথা চিন্তা করে চালু করা হয়েছিল এ গ্রাম্য এ্যাম্বুলেন্স। এর অর্থায়ন করেছিল বার্ষিক উন্নয়ন কর্মসুচী(এডিবি)। ২০১৯-২০ অর্থ বছরে এ্যাম্বুলেন্স দুইটি দেয়া হয়েছিল উপজেলার দুইটি ইউনিয়নে। যার মধ্যে ছিল এলাঙ্গী ও সাবদারপুর।

তবে এ উপজেলার ৫টি ইউনিয়ন ও একটি পৌর সভা রয়েছে। তবে এ এ্যাম্বুলেন্স সার্ভিস প্রাথমিক ভাবে চালু করা হয়েছিল দুইটি ইউনিয়নে। ভাল সুফল আসলে অন্যগুলোয়ও চালু করা হবে বলে জানিয়েছিল সংশ্লিষ্টরা।

তবে প্রাথমিক ভাবে চালু হবার পরই বন্ধ হয়ে যায় সার্ভিসটি। বিষয়টি নিয়ে কথা হলে একে অপরকে দোষারোপ করে দায় এড়াচ্ছেন সংশ্লিষ্টরা। এদিকে তাদের রশি টানাটানিতে গ্রাম্য এ্যাম্বুলেন্স দুইটি পড়ে থেকে নস্ট হচ্ছে।

এ ব্যাপারে এলাঙ্গী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান বলেন,এডিপির বরাদ্দের টাকা দিয়ে ভ্যান কিনা হয়েছিল। এরপর ওই ভ্যানে ইঞ্জিন লাগিয়ে গ্রাম্য এ্যাম্বুলেন্স বানানো হয়। এটা একটা মহতি উদ্যোগ ছিল। তবে স্বাস্থ্য কমপ্লেক্স কতৃপক্ষের অবহেলায় তা ভেস্তে গেছে।

তিনি বলেন, আমার ইউনিয়নের এ্যাম্বুলেন্সটি আশাননগর গ্রামের বিপ্লবকে দেয়া হয়েছিল। সে কিছুদিন চালিয়ে ছিল। পরে ভাড়া নিয়ে সংশ্লিষ্টদের সঙ্গে সমস্যা হয়েছিল। এ কারনে স্বাস্থ্য কমপ্লেক্সে জমা দিয়ে দেয়া হয় ওই সময়।

বিপ্লব জানান, এ গ্রাম্য এ্যাম্বুলেন্স সাভিস চালু হওয়ায় খুশি রোগী ও তাঁর স্বজনরা। তিনি বলেন,এতে করে অল্প খরচে মানুষ স্বাস্থ্য সেবা নিতে যেতে পারছিল। অন্যদিকে আমার একটা আয়ের ব্যবস্থাও হয়েছিল।

এ্যাম্বুলেন্স সার্ভিস পেয়ে আসাননগর গ্রামের হীরা ও জেসমিন খাতুন বলেন,এ সার্ভিস চালু হওয়ায় আমাদের ভালই হয়েছে। আমরা অল্প খরচে পরিবহন সুবিধা পাচ্ছি। তবে কেন বন্ধ হয়ে গেল জানিনা।

বিষয়টি নিয়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ বলেন, উদ্ভোধন হয়েছিল। এটা ইউনিয়ন চেয়ারম্যানরা চালাতে পারেনি। এটা একটা ফেল প্রজেক্ট ছিল। দুইটি ভ্যানের মধ্যে একটা স্বাস্থ্য কমপ্লেক্সে পড়ে আছে, আরেকটি সাবদারপুর ইউনিয়ন পরিষদে আছে বলে জেনেছি।

উপজেলা চেয়ারম্যান ও আওয়ামী লীগের সভাপতি মোছাঃ শরিফুননেসা মিকি বলেন,ওই এ্যাম্বুলেন্সের একটি আমার সময় বানানো হয়। আরেকটি আগে বানানো ছিল।

তিনি বলেন,এ্যাম্বুলেন্স দুইটি পড়ে আছে মূলত ইউনিয়ন চেয়ারম্যান ও স্বাস্থ্য কমপ্লেক্স কর্মকর্তার কারনে। তারা কোন সহযোগিতা করেনি। খোজ নিয়ে দেখছি,ওগুলো কি অবস্থায় আছে। এরপর কয়েক দিনের মধ্যে বিষয়টি নিয়ে সংশ্লিষ্টদের সঙ্গে কথা বলবো। যদি এতেও কোন কাজ না হয়,তাহলে হাসপাতালে আর কোন বরাদ্দ দিবেন না সাফ জানালেন তিনি।

২০ লাখ টাকার স্বর্ণালংকারসহ নারী আটক

ঝিনাইদহ সদর উপজেলার কালা লক্ষীপুর এলাকা থেকে ২৫ ভরি স্বর্ণালংকারসহ মুক্তা খাতুন (৩৪) নামের এক নারীকে আটক করেছে ডিবি পুলিশ।

বৃহস্পতিবার দুপুরে ঝিনাইদহ-মাগুরা মহাসড়কের কালা লক্ষীপুর এলাকার মাওলানাবাদ মাধ্যমিক বিদ্যালয়ের সামনে থেকে তাকে আটক করা হয়। আটককৃত মুক্তা খাতুন কুমিল্লার চৌদ্দগ্রামের মিজানুর রহমানের স্ত্রী।

ঝিনাইদহ ডিবি পুলিশের ওসি মোহাম্মদ শাহীন উদ্দিন জানান, কালীগঞ্জ থেকে ঢাকায় স্বর্ণ পাচার হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে লক্ষীপুর বিদ্যালয়ের সামনে চেকপোস্ট বসায় ডিবি পুলিশের একটি অভিযানিক দল।

সেসময় দর্শনা থেকে বরিশালগামী চাকলাদার পরিবহণে তল্লাসী চালিয়ে মুক্তা খাতুনকে আটক করা হয়। তার ভ্যানিটি ব্যাগ থেকে উদ্ধার করা হয় ২৫ ভরি ১৫ আনা ওজনের স্বর্ণালংকার। যার আনুমানিক মুল্য ২০ লাখ টাকা। মুক্তা খাতুন কালীগঞ্জ থেকে এসব স্বর্ণালংকার ঢাকায় পাচার করছিলো বলে প্রাথমিক ভাবে স্বীকার করেছে।

এ ঘটনায় ডিবি পুলিশের পক্ষ থেকে সদর থানায় একটি মামলা করা হয়েছে।